

নবীনদের বরণ করল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

নিজস্ব প্রতিবেদক

২২ অক্টোবর ২০২২ ০৭:৪৯

পিএম | আপডেট: ২২

অক্টোবর ২০২২ ০৭:৪৯

পিএম



BERGER
Trusted Worldwide

ধূলো
ময়লার
মুক্তি সমাধান

বার্জার ওয়েদারকোট অ্যান্ডার্ট সুপ্রিম
পুগাবালি থেকে সেওয়ালকে
সুরক্ষিত রাখে **১০ বছর** পর্যন্ত।

10
years

নবীনদের বরণ করল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। ছবি: সংগৃহীত

advertisement

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ফল সেমিস্টারের স্নাতক ও স্নাতকোত্তরের নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের বরণ করা হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস, স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সের শিক্ষার্থীরা এতে অংশ নেন। নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউনাইটেড গ্রুপের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মাঝেনুডিন হাসান রশিদ এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক মো. আবুল কাশেম মিয়া। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ওপর একটি প্রেজেন্টেশন

দেন সিএসই বিভাগের অধ্যাপক এবং ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অ্যান্ড কো-অপারেশন সেন্টারের
পরিচালক এ কে এম মুজাহিদুল ইসলাম।

advertisement 3

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডা. জুলফিকার রহমান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক নিয়মাবলী
তুলে ধরেন। অন্যান্যদের মধ্যে ইউআইইউ'র তিনজন প্রাক্তন শিক্ষার্থী, একজন নবাগত শিক্ষার্থী
এবং একজন অভিভাবক বক্তব্য প্রদান করেন।

advertisement 4

নবীনবরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জুলফিকার রহমান, ট্রেজারার
(ভারপ্রাপ্ত) এএসএম সালাহউদ্দিন, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও পরিচালকেরা।